দৈনিক বাংলা

তারিখ 30 APR 1997
পৃঃ ৫ কলাম ৭

# নিরক্ষরতা মোচনের উদ্যোগ

বাংলাদেশের সমাজ ও অর্থনৈতিক উন্নয়নের জন্য শিক্ষা ব্যবস্থার প্রসার ও বিকাশের একান্ত প্রয়োজন। যে কোন উন্নয়ন প্রক্রিয়াকে এগিয়ে নেবার জন্য শিক্ষিত ও দক্ষ মানবসম্পদ জরুরী। উন্নয়ন প্রক্রিয়ায় যারা নেতৃত্ব দেবেন তাদের শিক্ষা, মেধা এবং উদ্ভাবনী ক্ষমতাও সাধারণের উর্ধ্বে হলে ভাল হয়। এ জন্যই বর্তমান যুগে বিশ্বব্যাপী শিক্ষাকে বিশেষ গুরুত্ব দেয়া হচ্ছে। উন্নয়নের জন্য বিনিয়োগ প্রয়োজন। তবে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিনিয়োগ হতে হবে শিক্ষা ব্যবস্থায়। একই সঙ্গে শিক্ষার প্রসার এবং উন্নয়নও দরকার। একজন শিক্ষিত মানুষ উন্নয়নমূলক কর্মকাণ্ডে বেশী অবদান রাখতে পারে। একটি শিক্ষিত জাতিই পারে দ্রুত উন্নতির পথে এগিয়ে যেতে।

আনন্দের বিষয়, বর্তমান সরকার শিক্ষার গুরুত্ব সম্পর্কে সচেতন। সম্প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা জানিয়েছেন, আগামী দশ বছরের মধ্যে সমাজ থেকে নিরক্ষতা দূর করার জন্য ইতিমধ্যে ব্যবস্থা নেয়া হয়েছে। সোমবার উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এম আমিনুল ইসলামের নেতৃত্বে বোর্ড অব গবর্নর্সের সদস্যরা প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে তিনি বলেন, নিরক্ষতা দেশের উন্নয়নের পথে প্রধান বাধা। তাই অগ্রাধিকারের ভিত্তিতে নিরক্ষরতা দূর করার জন্য সরকার ব্যাপক কর্মসূচী গ্রহণ করবে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, সমাজ থেকে নিরক্ষতা দূর করার ক্ষেত্রে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখতে পারে। প্রধানমন্ত্রী টেলিভিশনে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের দূরশিক্ষণ কর্মসূচীর সময়সীমা পঁচিশ মিনিট থেকে বাড়িয়ে চল্লিশ মিনিট করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন। আমরা প্রধানমন্ত্রীর এই সিদ্ধান্তের প্রশংসা করি। এদেশের প্রচুর শিক্ষার্থী ভর্তির সুযোগ না পেয়ে উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হয়— আমরা জানি। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এই শিক্ষার্থীদের শুধু হতাশা থেকেই যে মুক্ত করতে পারে তা নয়, দেশের সম্ভাবনাময় অনেক তরুণ-তরুণীকে উচ্চ শিক্ষাদানের সুযোগও করে দিতে পারে। শুধু অক্ষরজ্ঞান থাকলেই দেশে উন্নয়নের গতি ত্বরান্বিত ও মসৃণ হবে না। ব্যাপক জনসাধারণের মধ্যে জ্ঞান চর্চার সুযোগ সৃষ্টি করতে হবে। তাদের মেধা প্রতিভা ও দক্ষতা যাতে বৃদ্ধি পায় সে জন্য পরিবেশ সৃষ্টি করতে হবে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, টেলিভিশন, রেডিও ইত্যাদি মাধ্যম এ কাজে অবশ্যই সহায়তা করতে পারে। শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে যাতে সত্যিকার শিক্ষার পরিবেশ গড়ে ওঠে সেদিকেও নজর দিতে হবে।